

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-বিভাগীয় প্রকৌশলী সওজ এর কার্যালয়,  
সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।  
টেলিফোনঃ ০৪৩১-৭১৭১৬


স্মারক নং-৩৫.০১.০৬৫১.৭১১.২৬.০১৩.১৯- ১৫০০

তারিখঃ ০৫.০৯.২০২২ খ্রিঃ।

বিষয়ঃ- বরিশাল সড়ক বিভাগাধীন সড়ক উপ-বিভাগ-২, বরিশাল এর আওতাধীন ৪ (চার) টি ফেরিঘাটের ফেরির ডেক, রেলিং, বাথরুম মেরামত ও ফেরির ডেকে সীলকোট কাজ এবং রং করণ প্রসঙ্গে।

যথাযথ সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, বরিশাল সড়ক বিভাগাধীন সড়ক উপ-বিভাগ-২, বরিশাল এর আওতাধীন গোমা, লক্ষ্মীপাশা, নেহালগঞ্জ ও বেলতলা ফেরিঘাট রয়েছে। উক্ত ফেরিঘাটের ফেরির ডেক বিভিন্ন জায়গায় ভাংগা ও অসংখ্য ছিদ্র রয়েছে, বাথরুম ভাংগা এবং ব্যবহার অনুপযোগী, রেলিং ভাংগা ও ফেরির ডেকে সীলকোট নাই। ফলে ফেরিগুলোর স্বাভাবিক সৌন্দর্য হারাচ্ছে এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। বর্নিত কাজগুলি ও মেরামত করে ৪ (চার) টি ফেরির ডেকে সীলকোট করাসহ ফেরির রং করণ কাজ করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, জনস্বার্থে ও সুষ্ঠু ফেরি চলাচল এবং ফেরির স্বাভাবিক সৌন্দর্য রক্ষার্থে ফেরির ডেক, বাথরুম, রেলিং মেরামত ও ফেরির ডেকে সীলকোট করাসহ ফেরির রং করণ করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।



(লিটন আহমেদ খান)

পরিচিতি নং- ৬০২৩৯৪

উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃদাঃ), সওজ  
বরিশাল সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।

নির্বাহী প্রকৌশলী, সওজ  
সড়ক বিভাগ, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, যান্ত্রিক সার্কেল, বরিশাল।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, ফেরি বিভাগ, বরিশাল।
- ৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ফেরি উপ-বিভাগ, বরিশাল।

অনুলিপিঃ

- ১। সহকারী প্রকৌশলী, সওজ, ফেরি বিভাগ, বরিশাল।
- ২। উপ-সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক শাখা-২/৩, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।
- ৩। উপ-সহকারী প্রকৌশলী, সওজ, ফেরি উপ-বিভাগ, বরিশাল।
- ৪। অফিস কপি।